# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
## টাঙ্গাইল।
**tangail.judiciary.org.bd**

**বিষয় ঃ জি.আর মামলায় দাখিলীয় পুলিশ রিপোর্ট মূল নথিতে সামিল করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গোচরীভূত হয়েছে যে, জি.আর মামলার তদন্ত শেষে পুলিশ রিপোর্ট (চার্জশীট/চূড়ান্ত রিপোর্ট) দাখিল করা হলেও উহা যথাসময়ে মূল নথির সাথে সামিল করা হয় না। এই বিষয়ে ইতোপূর্বে বহুবার নির্দেশনা দেয়া হলেও সংশ্লিষ্ট জি.আর.ও গণ উক্ত নির্দেশনা পালনে শৈথিল্য প্রকাশ করছেন। ফলে, মামলার শুনানীসহ যথাযথ আদেশ প্রদানে প্রতিবন্ধকতা তৈরী হচ্ছে।

নিম্নস্বাক্ষরকারীর আরও গোচরীভূত হচ্ছে যে, তদন্তাধীন মামলায় তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলীয় রিমান্ডসহ বিভিন্ন আবেদন মূলনথি না থাকাসহ বিভিন্ন অজুহাতে সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটের নিকট উপস্থাপন করা হচ্ছে না। সংশ্লিষ্ট জি.আর.ও গণ আইন বহির্ভূতভাবে উক্ত আবেদন সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটের নিকট উপস্থাপন না করে নিজেরা ব্যক্তিগতভাবে সংরক্ষণ করছেন।

এমতাবস্থায়, জি.আর মামলায় তদন্ত শেষে দাখিলীয় পুলিশ রিপোর্ট (চার্জশীট/চূড়ান্ত রিপোর্ট) কোর্ট অফিসার কর্তৃক স্বাক্ষরিত হওয়ার ২৪ ঘন্টার মধ্যে এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলীয় যে কোন আবেদন ঐ দিনই আমলগ্রহণকারী সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটের নিকট উপস্থাপন করার জন্য সকল জি.আর.ও দেরকে নির্দেশ দেয়া গেল।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা হোক।

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৯.১৯/ ৬৫৫(১৪)-১৬

তারিখ ঃ ২৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ / ১০ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৪। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ আদালত, টাঙ্গাইল।
৫। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা এডভোকেট বার সমিতি, টাঙ্গাইল।
৭। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, টাঙ্গাইল (সকল জি.আর.ও দের অবগতকরণ এবং উক্ত বিষয়ে তদারকীর নির্দেশনাসহ)।
৯। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১০। পি/এ টু সি.জে.এম, টাঙ্গাইল।
৯। অফিস কপি।

১০/০৪/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।